তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০১২-২০১৩ অর্থ বছরের
এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়ের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভূক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ১। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের | ২ | - | - | ০ | | - | - | - | - |

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ **২টি**

**০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদকালঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত মেয়াদকাল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর ব্যাংলাদেশ গভর্ণমেন্ট (বাংলাগভঃনেট) প্রকল্প। | ৩০৭,৪১.০০ | এপ্রিল ২০১০ হতে জুন ২০১৫ |
| ২। | অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত) | ৬৭৫০.৬৪ | জুলাই ২০১১ হতে জুন ২০১৫ |

০৩। **ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ |
|---|---|---|
| (১) | (২) | (৪) |
| ১। | ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর ব্যাংলাদেশ গভর্ণমেন্ট (বাংলাগভঃনেট) প্রকল্প। | |
| ২। | অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত) | |

০৪. **প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

| **সমস্যা** | **সুপারিশ** |
|---|---|
| **ক) প্রকল্পের নামঃ** ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর ব্যাংলাদেশ গভর্ণমেন্ট (বাংলাগভঃনেট) প্রকল্প। | |
| ৪.১ তেমন কোন সমস্যা নেই তবে বিভিন্ন প্রতিকুলতার কারণে মালামাল ডেলিভারী দিতে বিলম্ব ঘটেছে। | ৪.১ যন্ত্রপাতিসমুহ ধূলামুক্ত রাখতে এবং পর্যাপ্ত নিরাপত্তামুলক ব্যবস্থার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি প্রকল্প বহির্ভূত কাজে ব্যবহার করা যাবে না।<br>প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতি/সরঞ্জাম যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ৩০ জুন ২০১৫ এই প্রকল্পের মেয়াদ সমাপ্তির জন্য নির্ধারিত আছে। সুতরাং নির্ধারিত সময়ে প্রকল্প শেষ করে ৩ মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আই এম ই ডি-তে প্রেরণ করতে হবে।<br>প্রকল্পের হিসাব সংক্রান্ত অডিট করা না হয়ে থাকলে অডিট কাজ সম্পন্ন করতে হবে। |
| | **খ) প্রকল্পের নামঃ** অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত) | |
| | **সমস্যা** | **সুপারিশ** |
| ৪.১। | চলতি বছরে আরও অতিরিক্ত ৯৭৫.০০ লক্ষ টাকা সংশোধিত বাজেটে বরাদ্দ পাওয়ার সম্ভাবনা থাকলেও সময়মত পর্যাপ্ত অর্থ প্রাপ্তির আশংকায় ঠিকাদার প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ সম্পাদনে অনীহা | চলমান ছাদ ঢালাইয়ের কাজ আংশিক বাকি রেখে শেষ করা এবং পরবর্তীতে আংশিক ঢালাইয়ের বিষয়টি প্রকৌশল দিক দিয়ে সঠিক হয়েছে কি না তা আইসিটি বিভাগ যাচাই করে দেখবে ; |
| ৪.২। | গণপূর্ত বিভাগের পূর্ত কাজের সাথে ইলেকট্রিক্যাল কাজের সাথে সমন্বয়হীনতা রয়েছে। | ভবনের জন্য জেনারেটর স্থাপন, সোলার প্যানেল বসানো, লিফট স্থাপন করা, সীমানা প্রাচীর নির্মাণ, ফায়ার ফাইটিং ক্যাবল স্থাপন, ইলেকট্রিক, টেলিফোন, নেটওয়ার্কিং এর কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। পূর্তকাজ ও ইলেকটিক্যাল কাজের সাথে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সমন্বয় সাধন করা প্রয়োজন। এই ব্যাপারে প্রকল্প পরিচালক যথাযথ ভূমিকা গ্রহণ করতে পারেন ; |
| ৪.৩। | গণপূর্ত বিভাগের পূর্ত কাজের সাথে ইলেকট্রিক্যাল কাজের সাথে সমন্বয়হীনতা রয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে ভবনের সুপারষ্ট্রাকচার নির্মাণসহ সকল ফিনিশিং কাজ সম্পন্ন (লিফট, জেনারেটর, সিসি ক্যামেরা, সোলারপ্যানেল ও সীমানা প্রাচীরসহ) করে তিন মাসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আইএমইডিকে প্রেরণ করতে হবে<br>ভবনটি সুউচ্চ এবং আধুনিক ভবনে হবে বিধায় ছাদের উপর একটি হেলিপ্যাড নির্মাণ করা যায় কি না আইসিটি বিভাগ তা খতিয়ে দেখতে পারে। |

# সাপোর্ট টু হাই-টেক পার্ক অথরিটি টু এষ্টাবলিষ্ট হাই-টেক পার্ক এ্যাট কালিয়াকৈর, গাজিপুর

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৩)

১। **প্রকল্পের নাম** : সাপোর্ট টু হাই-টেক পার্ক অথরিটি টু এষ্টাবলিষ্ট হাই-টেক পার্ক এ্যাট কালিয়াকৈর, গাজিপুর।

২। **প্রকল্পের অবস্থান** কালিয়াকৈর, গাজিপুর

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

৪। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের ( %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধন | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৮৯৫.৮৫ | ১৭৯৩.৪৩ | ১৭৬৬.১৮ | এপ্রিল, ২০১০ হতে মার্চ,২০১৩ | এপ্রিল, ২০১০ হতে জুন,২০১৩ | এপ্রিল, ২০১০ হতে জুন, ২০১৩ | (-) ১২৭.৬৭ (৬.৮৩%) | ৩ মাস (৮.৩৩%) |

- মূল প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ১২৭.৬৭ লক্ষ টাকা কম হয়েছে।

০৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :

(লক্ষ টাকায়)

| ক্র: নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | জনবল | ১৫.০০ | ৪ জন | ১৩.৭৫ | ১০০ |
| ২. | মিউনিসিপাল ট্যাক্স | ১০.০০ | - | ১০.০০ | ১০০ |
| ৩. | ল্যান্ড ডেভেলপমেন্ট ট্যাক্স | ৩১.০০ | - | ৩০.২৬ | ১০০ |
| ৪. | পোষ্টাল | ০.১৫ | - | ০.০৩ | ১০০ |
| ৫. | টেলিফোন বিল | ০.৪৭৮ | - | ০.৪৭ | ১০০ |
| ৬. | ফ্যাক্স বিল | - | - | - | ১০০ |
| ৭. | ইলেকট্রিসিটি | ৩৭.৪০ | - | ৩৪.৬৯ | ১০০ |
| ৮. | গ্যাস বিল | - | - | - | ১০০ |
| ৯. | পরিবহন জ্বালানী | ৪.৫০ | - | ৪.০৩ | ১০০ |
| ১০. | ষ্টেশনারী | ৪.০০ | - | ৩.৪৯ | ১০০ |
| ১১. | বই এবং অন্যান্য | ১.০০ | - | ০.৯৯ | ১০০ |
| ১২. | এ্যাডভাটাইসমেন্ট | ৩.০০ | - | ২.০০ | ১০০ |
| ১৩. | আন্তর্জাতিক সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | ১২.০০ | - | ৮.৯৩ | ১০০ |
| ১৪. | আপ্যায়ন | ২.০০ | - | ১.৩৯ | ১০০ |
| ১৫. | পরিবহন ভাড়া | ১৪.০০ | - | ১১.১১ | ১০০ |
| ১৬. | সিকিউরিটি গার্ড | ৭৩.০০ | - | ৬৫.০৮ | ১০০ |
| ১৭. | সম্মানী | ৩.০০ | - | ২.০৮ | ১০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮. | ব্যান্ড উইথ চার্জ | ০.০০ | - | ০.০০ | ১০০ |
| ১৯. | অন্যান্য | ৬.২১২ | - | ৫.০১ | ১০০ |
| ২০. | পুন: মেরামত | ১.০০ | - | ০.৯৯ | ১০০ |
| ২১. | হান্ডি কাম | ২.০০ | - | ১.৯৫ | ১০০ |
| ২২. | মেশিনারী | ১৪৯.৫০ | - | ১৪৯.৫০ | ১০০ |
| ২৩. | কম্পিউটার/কম্পিউটার সফ: | ১.৫০ | - | ১.৪৭ | ১০০ |
| ২৪. | অফিস যন্ত্রপাতি | ০.৪৪৬ | - | ০.৪৪ | ১০০ |
| ২৫. | ফার্নিচার | ৬.২৬ | - | ৫.৩৪ | ১০০ |
| ২৬. | বৃক্ষ রোপন | ৪.৮৫৬ | - | ১৮.২৭ | ৭৫ |
| ২৭. | নির্মাণ কাজ | ১৩৯৫.২৬ | - | ১৩৯৪.৮৪ | ১০০ |
| ২৮. | ব্যাংক চার্জ | | | ০.০৩ | |
| | **মোটঃ** | **১৭৯৩.৪৩** | | **১৭৬৬.১৮** | |

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

এই প্রকল্পের অধীন কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের অর্থনীতিতে ইনফরমেশন টেকনোলজীকে তথ্য প্রযুক্তির একটি ‘thrust sector’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। তথ্য যুগে প্রবেশের লক্ষ্যে বাংলাদেশকে উপযোগী করে তোলার জন্য এবং ইনফরমেশন ও অন্যান্য উচ্চতর প্রযুক্তির গ্লোবাল মার্কেটে একটি গুরুত্বপূর্ণ দেশ হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হচেছ। প্রস্তাবিত প্রকল্প এলাকায় একটি সমন্বিত অত্যাধুনিক টেকনোশিপ গড়ে তোলার জন্য ডিজাইন করা হয়েছে যা বৃহদাকার ট্রান্সন্যাশনাল কোম্পানিগুলোকে আকর্ষণ করতে এবং বিশ্বমানের ব্যবসায়িক গোষ্ঠিকে প্রয়োজনীয় সুবিধা প্রদানে সক্ষম হবে। হাই-টেক পার্ক স্থাপনের এ উদ্যোগ বাংলাদেশকে কৃষি/শিল্প ভিত্তিক অর্থনীতি হতে জ্ঞানভিত্তিক শিল্প/সার্ভিস অর্থনীতিতে রুপান্তরকরণ অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে এই বিবেচনায় বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

০৯। প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) আইসিটি নির্ভর এবং অন্যান্য জ্ঞাননির্ভর শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে বৈদেশিক এবং স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে তাদের ব্যবসা কার্যক্রম বাংলাদেশে পরিচালনার উদ্দেশ্যে আকৃষ্ট করতে একটি বিশ্বমানের ব্যবসা পরিবেশ সৃষ্টি ;
(খ) নির্বিঘ্ন কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে বিশেষ সহায়তা প্রদান ;
(গ) জোন-টু পর্যন্ত মূল অবকাঠামো নির্মাণ, যেমনঃ প্রধান সড়ক, নিস্কাশন সুবিধা, নেটওয়ার্কিং এবং বিভিন্ন সেবা-সংশ্লিষ্ট ডাক্ট লাইন ;
(ঘ) প্রকল্পের ১ম পর্যায়ে নির্মিত অবকাঠামোর যথাযথ পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিত করা ;
(ঙ) হাই-টেক পার্ক-এ বিনিয়োগকারী আমন্ত্রণ এবং পার্ক ডেভেলপার, পরামর্শক নিয়োগে সহায়তা করা ; এবং
(চ) হাই-টেক পার্কে আগ্রহী বিনিয়োগকারীদের প্রশাসনিক সহায়তা ও সেবা প্রদান।

১০। প্রকল্প অনুমোদনঃ

আলোচ্য প্রকল্পটি ১২/০৪/২০১৫ তারিখে ১৮৯৫.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১০ হতে মার্চ, ২০১৩ মেয়াদে অনুমোদিত হয় এবং পরবর্তীতে ৩১/০৩/২০১৩ তারিখে ১ম সংশোধিত হয়। সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৭৯৩.৪৩ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ এপ্রিল, ২০১০ হতে জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১১। প্রকল্পের অর্থায়নঃ

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৭৯৩.৪৩ লক্ষ টাকা, যার পুরোটাই বাংলাদেশ সরকার অর্থায়ন করেছে।

১২। পরিদর্শনঃ

আইএমই বিভাগের পরিচালক (শিল্প) জনাব মোঃ নিয়াজুল হক গত ১২/০৪/২০১৫ তারিখে বিসিসি ভবনস্থ প্রকল্প অফিস পরিদর্শন করেন। এই সময় জুন, ২০১৩ এ সমাপ্ত আলোচ্য প্রকল্পের কোন কর্মকর্তা কর্মচারীদের পাওয়া যায়নি। হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সহায়তায় কিছু তথ্য সংগ্রহ করা হয়েছে যা আলোচ্য প্রতিবেদন প্রণয়নে সহায়ক হয়েছে।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) আইসিটি নির্ভর এবং অন্যান্য জ্ঞাননির্ভর শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে বৈদেশিক এবং স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে তাদের কার্যক্রম বাংলাদেশে পরিচালনার উদ্দেশ্যে আকৃষ্ট করতে একটি বিশ্বমানের ব্যবসা পরিবেশ সৃষ্টি । | প্রকল্পের আওতায় কতিপয় মূল অবকাঠামো যেমনঃ প্রধান সড়ক, নিস্কাশন সুবিধা, নেটওয়ার্কিং এবং বিভিন্ন সেবা-সংশ্লিষ্ট ডাক্ট লাইন নির্মিত হয়েছে যা বৈদেশিক প্রতিষ্ঠানকে আকৃষ্ট করতে পারে। |
| (খ) হাই-টেক পার্ক অথরিটির নিবিঘ্ন পরিচালনা নিশ্চিত করতে বিশেষ সহায়তা প্রদান। | নির্মিত ভৌত অবকাঠামো তৈরীর মাধ্যমে বর্তমান হাই-টেক পার্ক অথরিটিকে সহায়তা করছে। |
| (গ) জোন-টু পর্যন্ত মূল অবকাঠামো নির্মাণ, যেমনঃ প্রধান সড়ক, নিস্কাশন সুবিধা, নেটওয়ার্কিং এবং বিভিন্ন সেবা-সংশ্লিষ্ট ডাক্ট লাইন । | সড়ক নির্মিত হয়েছে, ইউটিলিটি ডাক্ট স্থাপিত হয়েছে, ম্যুরাল ও ফাউন্টেন নির্মিত হয়েছে। |
| (ঘ) প্রকল্পের ১ম পর্যায়ে নিশ্চিত অবকাঠামোর যথাযথ পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিত করা ; | সড়ক, স্টোর্ম ওয়াটার সিস্টেম নির্মিত হয়েছে। |
| (ঙ) হাই-টেক পার্ক বিনিয়োগকারী আমন্ত্রণ এবং পার্ক ডেভেলপার, পরামর্শক নিয়োগে সহায়তা করা ; এবং | ডেভেলপার নিয়োগ কার্যক্রম চলছে। |
| (চ) হাই-টেক পার্কে আগ্রহী বিনিয়োগকারীদের প্রশাসনিক সহায়তা ও সেবা প্রদান। | ডেভেলপার নিয়োগ কার্যক্রম এখনও সম্পূর্ণ হয় নি বিধায় কার্যক্রম শুরু হয়নি। |

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পের শুরু শেষ পর্যন্ত নিম্নোক্ত ০৩ জন কর্মকর্তা বিভিন্ন মেয়াদে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | মেয়াদকাল |
|---|---|---|
| ১। | এ. এন. এম শফিকুল ইসলাম | ১২/০৮/২০১০-০৭/০৩/২০১২ |
| ২। | ডঃ মুহাম্মদ আমিন | ০৮/০৩/২০১২ -১২/০৩/২০১৩ |
| ৩। | মীর ওয়াকিল আহমেদ নেহাল | ১৩/০৩/২০১৩ সমাপ্তিকাল পর্যন্ত। |

১৫। পর্যবেক্ষণঃ

প্রকল্প সংশ্লিষ্ট কেউ না থাকায় প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা সম্ভব হয়নি।

অব্যয়িত অর্থ (যদি থাকে)

| ক্রমিক নং | অর্থ বছর | তারিখ | চালান নং | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১। | ২০১০-১১ | ৩০/০৬/২০১১ | ২৪৪ | ২৭৫.২৮ |
| ২। | ২০১১-১২ | ১৯/০৭/১২ | ২৪৫৮ | ৫১৬৪১৮.৪৮ |
| ৩। | ২০১২-১৩ | ৩০/০৭/২০১৩ | টি-৪৩ | ২৬,৬৬,৬৮৬.৬০ |

১৬। বছরওয়ারী এডিপি বরাদ্দ ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | এডিপি/আরএডিপি বরাদ্দ | বরাদ্দের বিপরীতে ব্যয় |
|---|---|---|
| ২০১০-১১ | ২৬৪.৪৫ | ২৬৪.৪৫ |
| ২০১১-১২ | ৫১৯.৫৮ | ৫১৯.৫৮ |
| ২০১২-১৩ | ১০০৯.৪০ | ৯৮২.১৫ |
| **মোটঃ** | **১৭৯৩.৪৩** | **১৭৬৬.১৮** |

১৭। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| IFB no./ package no./sub package no | Description of procurement (goods/works/ consultancy) As per bid document | Tender/Bid/proposal cost | | Tender/Bid/proposal | | Date of completion of works/services and supply of good | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per PP (in lakh Taka) | Contracted value | Invitation date | Contract signing/ L.C opening | As per Contract | Actual |

| | | | | | Date | | |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| Wd1 | ২৫৪৬ ফুট রাস্তা নির্মাণ | ৯৪২ | ৯৪২ | ১৯.০৫.১১ | ২৬.০১.১২ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |
| | ডাক্ট ইউটিলিটি সার্ভিস | | | | | | |
| Wd2 | ৫২৭ ফুট আরসিসি ড্রেন নির্মাণ | ৩৫৯ | ৩৫৯ | ০৩.০২.১১ | ২৬.০৫.১১ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |
| Wd3 | ঝর্ণা এবং মুরাল নির্মাণ | ৩০.০০ | ৩০.০০ | ০৪.১২.১২ | ২৭.১২.১২ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |
| Wd4 | পানি শৌচাগার নির্মাণ | ৫.০০ | ৪.৯৯ | ০১.০৬.১০ | ১৫.০৫.১০ | ৩০.০৪.১১ | ৩০.০৪.১১ |
| Wd5 | ভূমি উন্নয়ন | ১৬.০৬ | ১৬.০৬ | ২০.০৩.১৩ | ২০.০৪.১৩ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |
| Wd6 | নিরাপত্তা লাইট স্থাপন | ৩৩.২০ | ৩৩.২০ | ২০.০৩.১৩ | ২০.০৪.১৩ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |
| Gd2 | সোলার প্যানেল সরবরাহ এবং স্থাপন | ১৪৯.৫০ | ১৪৯.৫০ | ০১.০৭.১০ | ৩০.০৮.১০ | ৩০.০৬.১১ | ৩০.০৫.১১ |
| Gd4 | আসবাবপত্র সরবরাহ এবং ডেলিভারি | ৬.০০ | ৬.০০ | ২৫.০৩.১৩ | ০৮.০৪.১৩ | ০৭.০৫.১৩ | ৩০.০৬.১১ |
| Gd6 | বৃক্ষরোপন সরবরাহ এবং ডেলিভারি | ২০.৭২ | ২০.৭২ | ২৫.০৩.১৩ | ২৫.০৪.১৩ | ৩০.০৫.১৩ | ৩০.০৫.১৩ |

- এই সকল কাজ গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদিত হয়েছে। তবে প্রকল্প পরিকল্পনায় উল্লেখিত দর এবং চুক্তি মূল্য একই হওয়ার কারণ স্পষ্ট নয়। এই বিষয়টি তথ্য প্রযুক্তি বিভাগ যাচাই করে দেখতে পারে।

১৮। <u>বাস্তাবায়ন সমস্যাঃ</u>

প্রকল্প সংশ্লিষ্ট কোন কর্মকর্তাকে পাওয়া যায়নি বিধায় কোন বাস্তবায়ন সংক্রান্ত সমস্যার বিষয়ে তথ্য পাওয়া যায়নি। তবে হাই-টেক পার্ক কর্তৃপক্ষের উপস্থিত কর্মকর্তাগণের সাথে আলোচনায় জানা যায় যে, প্রকল্প চলাকালীন সময়ে কোন সমস্যা দেখা যায়নি।

১৯। <u>সুপারিশঃ</u>

১৮.১। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ের নির্মিতব্য অবকাঠামো তৈরী হয়েছে। ২য় পর্যায়ে মূল অবকাঠামো নির্মাণের জন্য ডেভেলপার নিয়োগের কাজ এখনও চূড়ান্ত করা যায়নি বিধায় হাই-টেক পার্কের কার্যক্রম দৃশ্যমান হয়নি। তাই ডেভেলপার নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।

১৮.২। প্রকল্পটি অডিট সম্পন্ন করা হয়নি বিধায় দ্রুত এক্সটারনাল অডিট এর কাজ সম্পন্ন করতে হবে।

১৮.৩। নতুন হাই-টেক পার্ক প্রকল্প গ্রহণের পূর্বে এই প্রকল্পের কার্যক্রম দৃশ্যমান করে প্রকল্পের ভূল ত্রুটি চিহ্নিত করে নতুন প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করতে হবে।

১৮.৪। এই প্রকল্পের আওতায় কি পরিমাণ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে তার একটি সমীক্ষা করে দেখা যেতে পারে।

১৯.৫। ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রকল্প পরিকল্পনায় উল্লেখিত মূল্য ও চুক্তি মূল্য একই হওয়ার বিষয়টি তথ্য প্রযুক্তি বিভাগ যাচাই করে দেখতে পারে।

১৯.৬ অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৪ এর প্রেক্ষিতে গ্রহীতব্য ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে অবিলম্বে অবহিত করতে হবে।